বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
ওয়েব সাইট: www.bb.org.bd

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১৬-০৭

তারিখ ০২-১২-১৪২২ বাঃ
১৬-০৩-২০১৬ খ্রিঃ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
সোনালী ব্যাংক লিঃ/ পূবালী ব্যাংক লিঃ/ট্রাস্ট ব্যাংক লিঃ/প্রাইম ব্যাংক লিঃ/সাউথ ইস্ট ব্যাংক লিমিটেড /দি ফারমার্স ব্যাংক লিঃ/ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ/বাংলাদেশ কৃষি ব্যাংক/ওয়ান ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ/ শাহ্জালাল ইসলামী ব্যাংক লিঃ/ব্যাংক এশিয়া লিঃ/এক্সিম ব্যাংক লিঃ/মধুমতি ব্যাংক লিঃ/ রূপালী ব্যাংক লিঃ/ যমুনা ব্যাংক লিঃ/ এবি ব্যাংক লিঃ/ আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ/ দি প্রিমিয়ার ব্যাংক লিঃ/মার্কেন্টাইল ব্যাংক লিঃ/সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ /অগ্রণী ব্যাংক লিঃ/ আইসিবি ইসলামী ব্যাংক লিঃ/স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ ।

প্রিয় মহোদয়,

**সরকারী ব্যবস্থাপনায় হজ্জব্রত পালন- ১৪৩৭ হিজরী সন।**

সরকারী ব্যবস্থাপনায় ১৪৩৭ হিজরী সনের হজ্জব্রত পালনের বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রণীত “হজ্জ প্যাকেজ-২০১৬ খ্রিঃ/১৪৩৭ হিজরী” এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত হজ্জ প্যাকেজের আলোকে সরকারী ব্যবস্থাপনায় হজ্জব্রত পালনে গমনেচ্ছুগণ হতে স্থানীয় মুদ্রায় অর্থ জমা গ্রহণের বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যুকরণ ও প্রাসংগিক কার্যক্রম পরিচালনায় অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশনাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ-

(ক) সরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীগণের জনপ্রতি মোট খরচের ০২টি প্যাকেজ এর (প্যাকেজ-১ ও প্যাকেজ-২) খাতওয়ারী বিভাজন নিম্নে উপস্থাপন করা হলো ঃ

**জনপ্রতি সার্বিক খরচ (প্যাকেজ-১) ঃ**

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ১. | বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight) : | |
| (ক) | বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৫০ (১৪৫০.০০×৮০.৫০) | ১,১৬,৭২৫.০০ |
| (খ) | জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১,০৫০.০০ |
| (গ) | হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০) | ৬৩০.০০ |
| (ঘ) | এম্বারকেশন ফি | ৫০০.০০ |
| (ঙ) | এম্বারকেশন ফি- এর উপর ১৫% ভ্যাট | ৭৫.০০ |
| (চ) | এক্সাইজ ডিউটি | ১,০০০.০০ |
| (ছ) | সৌদি সরকারের সিকিউরিটি চার্জ মার্কিন ডলার ০৪ (০৪×৮০.৫০) | ৩২২.০০ |
| (জ) | সিটি চেক-ইন চার্জ মার্কিন ডলার ৫০.০০ (৫০×৮০.৫০) | ৪,০২৫.০০ |
| (ঝ) | ট্রাভেল এজেন্ট কমিশন মার্কিন ডলার ২৫.০০ (২৫×৮০.৫০) | ২,০১২.৫০ |
| (ঞ) | বিমান ভাড়া মার্কিন ডলার ১৪৫০ এর উপর উৎসে কর (১৪৫০×০.৩০%) বাবদ (৪.৩৫×৮০.৫০) | ৩৫০.১৮ |
| | মোট ঃ | ১,২৬,৬৮৯.৬৮ |
| ২. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৬,০০০+৫০০+৬৫)=(৬,৫৬৫.০০×২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১১, ২০১২ ,২০১৩, ২০১৪ ও ২০১৫ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ১,৩৭,৮৬৫.০০ |
| ৩. | **মোয়াল্লেম ফিঃ** সৌদি রিয়াল ১০৮৯ (১০৮৯×২১.০০)। | ২২,৮৬৯.০০ |
| ৪. | **জমজম পানিঃ** সৌদি রিয়াল ১৫ (১৫×২১.০০)। | ৩১৫.০০ |
| ৫. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ** সৌদি রিয়াল ১০০০(১০০০×২১.০০)। | ২১,০০০.০০ |
| ৬. | **ট্রেন ভাড়া ঃ** মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়া ঃ** সৌদি রিয়াল ২৫০ (২৫০×২১.০০)। | ৫,২৫০.০০ |
| ৭. | **ব্যাংক গ্যারান্টি হজ্জ মন্ত্রণালয়ের অনুকূলে সৌদি রিয়াল ৫০** (৫০×২১.০০)। | ১,০৫০.০০ |

চলমান পাতা-০২

পূর্ব পৃষ্ঠার পরঃ 

| | | |
|---|---|---|
| ৮. | **ব্যাংক গ্যারান্টি জেনারেল কার সিন্ডিকেট এর অনুকূলে সৌদি রিয়াল ১৮** (১৮×২১.০০)। | ৩৭৮.০০ |
| ৯. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ্ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি। | ৮০০.০০ |
| ১০. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড)ঃ** | ২০০.০০ |
| ১১. | **প্রশিক্ষন ফি ঃ** | ৩০০.০০ |
| ১২. | **খাওয়া খরচ ঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা সৌদি রিয়াল ৪০.০০ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০× ৪০)=সৌদি রিয়াল ১৬০০.০০ (১৬০০× ২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১৩. | ৫৬ সেঃমিঃ × ২৫ সেঃমিঃ × ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ২,০০০.০০ |
| ১৪. | **হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ** প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৭,৭১১.৫০ |
| | **মোট ঃ** | ২,৩৩,৩৩৮.৫০ |
| | *সর্বমোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১+১২+১৩+১৪) =* | **৩,৬০,০২৮.১৮ (তিন লক্ষ ষাট হাজার আটাশ টাকা আঠার পয়সা)** |

**নোটঃপ্রতি মার্কিন ডলার ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা ) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে।**

জনপ্রতি সার্বিক খরচ (প্যাকেজ-২) ঃ

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | পরিমান (টাকা) |
|---|---|---|
| ১. | বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight): | |
| (ক) | বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৫০ (১৪৫০.০০×৮০.৫০) | ১,১৬,৭২৫.০০ |
| (খ) | জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০×২১.০০) | ১,০৫০.০০ |
| (গ) | হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৩০ (৩০×২১.০০) | ৬৩০.০০ |
| (ঘ) | এম্বারকেশন ফি | ৫০০.০০ |
| (ঙ) | এম্বারকেশন ফি- এর উপর ১৫% ভ্যাট | ৭৫.০০ |
| (চ) | এক্সাইজ ডিউটি | ১,০০০.০০ |
| (ছ) | সৌদি সরকারের সিকিউরিটি চার্জ মার্কিন ডলার ০৪ (০৪×৮০.৫০) | ৩২২.০০ |
| জ | সিটি চেক-ইন চার্জ মার্কিন ডলার ৫০.০০ (৫০×৮০.৫০) | ৪,০২৫.০০ |
| (ঝ) | ট্রাভেল এজেন্ট কমিশন মার্কিন ডলার ২৫.০০ (২৫×৮০.৫০) | ২,০১২.৫০ |
| (ঞ) | বিমান ভাড়া মার্কিন ডলার ১৪৫০ এর উপর উৎসে কর (১৪৫০×০.৩০%) বাবদ (৪.৩৫×৮০.৫০) | ৩৫০.১৮ |
| | **মোট ঃ** | **১২৬,৬৮৯.৬৮** |
| ২. | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়া ঃ**<br>মক্কা ও মদিনায় হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌদি রিয়াল (৩৪০০+৫০০+৪০)=(৩৯৪০.০০×২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১১, ২০১২ ,২০১৩, ২০১৪ ও ২০১৫ সালের ন্যায় সৌদি আরবে হজ্জযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ৮২,৭৪০.০০ |
| ৩. | **মোয়াল্লেম ফিঃ** সৌদি রিয়াল ১০৮৯ (১০৮৯×২১.০০)। | ২২,৮৬৯.০০ |
| ৪. | **জমজম পানিঃ** সৌদি রিয়াল ১৫ (১৫×২১.০০)। | ৩১৫.০০ |
| ৫. | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ** সৌদি রিয়াল ১০০০.০০ (১০০০×২১.০০)। | ২১,০০০.০০ |
| ৬. | **ট্রেন ভাড়া ঃ** মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়া ঃ** সৌদি রিয়াল ২৫০ (২৫০×২১.০০)। | ৫,২৫০.০০ |

চলমান পাতা-০৩

পূর্ব পৃষ্ঠার পরঃ 

| | | |
|---|---|---|
| ৭. | **ব্যাংক গ্যারান্টি হজ্জ মন্ত্রণালয়ের অনুকূলে সৌদি রিয়াল ৫০** (৫০×২১.০০)। | ১,০৫০.০০ |
| ৮. | **ব্যাংক গ্যারান্টি জেনারেল কার সিন্ডিকেট এর অনুকূলে সৌদি রিয়াল ১৮** (১৮×২১.০০)। | ৩৭৮.০০ |
| ৯. | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ্ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ১০. | **হজ্জযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড)ঃ** | ২০০.০০ |
| ১১. | **প্রশিক্ষন ফি ঃ** | ৩০০.০০ |
| ১২. | **খাওয়া খরচ ঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা সৌদি রিয়াল ৪০.০০ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০× ৪০)= সৌদি রিয়াল ১৬০০.০০ (১৬০০× ২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১৩. | ৫৬ সেঃমিঃ ×২৫ সেঃমিঃ × ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ২,০০০.০০ |
| ১৪. | **হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ** প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে | ৭,৭১১.৫০ |
| | মোট | ১,৭৮,২১৩.৫০ |
| | *সর্বমোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১+১২+১৩+১৪) =* | **৩,০৪,৯০৩.১৮ (তিন লক্ষ চার হাজার নয়শত তিন টাকা আঠার পয়সা)** |

**নোটঃপ্রতি মার্কিন ডলার ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে।**

(খ) প্রত্যেক হজ্জযাত্রীকে কুরবানী খরচ বাবদ সৌদি রিয়াল ৫০০.০০ (পাঁচশত) এর সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশি পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে ।

(গ) হজ্জের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী ১০০০(এক হাজার) মার্কিন ডলারের সমপরিমান বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

(ঘ) সরকারি ব্যবস্থাপনায় গমনচ্ছু উভয় প্যাকেজের হজ্জযাত্রীগণ প্রাক নিবন্ধনের জন্য প্রদত্ত অগ্রিম জামানত ২৮,০০০.০০ (আটাশ হাজার) টাকা (সমন্বয়যোগ্য) ও প্রাক-নিবন্ধন ফি ২০০০.০০ (দুই হাজার) টাকা (সমন্বয়যোগ্য নয়) অর্থাৎ মোট ৩০,০০০.০০ টাকা এবং অবশিষ্ট অর্থ পরে সরকার নির্ধারিত ব্যাংকে আগামী ৩০/০৫/২০১৬ তারিখের মধ্যে জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

০৩। প্রচলিত ব্যবস্থায় টিএম ফরমে আবেদনের ভিত্তিতে কনফার্মড রিটার্ন এয়ার টিকেট ও আন্তর্জাতিক পাসপোর্টে এনডোর্সমেন্টপূর্বক বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে । বিমান টিকেটে উল্লিখিত যাত্রার তারিখের ২(দুই) সপ্তাহের পূর্বে কোন বৈদেশিক মুদ্রা ইস্যু করা যাবে না।

০৪। হজ্জ যাত্রীর আন্তর্জাতিক পাসপোর্টে প্রদত্ত স্বাক্ষর/টিপসহি টিএম ফরমে অনুরূপভাবে গ্রহণ করে নির্ধারিত পরিমাণ বৈদেশিক মুদ্রা কেবলমাত্র সংশ্লিষ্ট হজ্জ যাত্রীর নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদিত ডিলারগণকে নিশ্চিত করতে হবে।

এ সার্কুলার পত্রের বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুল মান্নান)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০৩১৯।

**সংযোজনী ঃ "হজ্জ প্যাকেজ-২০১৬ খ্রিঃ/১৪৩৭ হিজরী"**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**হজ প্যাকেজ-২০১৬/১৪৩৭ হিজরী**

সৌদি আরবে চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১০ সেপ্টেম্বর/৯ যিলহজ তারিখে ২০১৬/১৪৩৭হিজরী সালের পবিত্র হজ অনুষ্ঠিত হবে। পবিত্র হজব্রত পালনের জন্য সরকারি ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় সৌদি আরব গমন করা যাবে। বাংলাদেশ হতে সরকারি ব্যবস্থাপনায় সম্ভাব্য ৫,০০০ (পাঁচ হাজার) জন ও বেসরকারি ব্যবস্থাপনায় সম্ভাব্য ১,০৮,৮৬৮(এক লক্ষ আট হাজার আটশত আটষট্টি) জনসহ সম্ভাব্য সর্ব মোট১,১৩,৮৬৮ (এক লক্ষ তের হাজার আটশত আটষট্টি) জন হজযাত্রী (সৌদি সরকারের অনুমোদন সাপেক্ষে) পবিত্র হজব্রত পালনের জন্য সৌদি আরব গমন করতে পারবেন।

২। **সরকারি ব্যবস্থাপনাঃ**

২.১ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-০১** এ মোট খরচ **৩,৬০,০২৮.১৮ (তিন লক্ষ ষাট হাজার আটাশ টাকা আঠার পঁয়সা)** টাকা মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে।

| নং | ব্যয়ের খাতসমুহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight) :** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৫০ (১৪৫০ x ৮০.৫০) | ১,১৬,৭২৫.০০ |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ x ২১.০০) | ১,০৫০.০০ |
| | (গ) হজ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ৩০ (৩০ x ২১.০০) | ৬৩০.০০ |
| | (ঘ) এম্বারকেশন ফি | ৫০০.০০ |
| | (ঙ) এম্বারকেশন ফি-এর উপর ১৫% ভ্যাট | ৭৫.০০ |
| | (চ) এক্সাইজ ডিউটি | ১০০০.০০ |
| | (ছ) সৌদি সরকারের সিকিউরিটি চার্জ ০৪ মাঃডাঃ (০৪ x ৮০.৫০) | ৩২২.০০ |
| | (জ) সিটি চেক-ইন চার্জ ৫০.০০ মাঃডঃ (৫০ x ৮০.৫০) | ৪০২৫.০০ |
| | (ঝ) ট্রাভেল এজেন্ট কমিশন ২৫.০০ মাঃডঃ (২৫ x ৮০.৫০) | ২০১২.৫০ |
| | (ঞ) বিমান ভাড়া ১৪৫০ মাঃ ডঃ এর উপর উৎসে কর (১৪৫০ x ০.৩০%) বাবদ (৪.৩৫ x ৮০.৫০) | ৩৫০.১৮ |
| | মোট = | **১,২৬,৬৮৯.৬৮** |
| ২ | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়াঃ**<br>মক্কা ও মদিনায় হজযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং১% অতিরিক্ত বাসস্থানসহ সৌঃ রিঃ (৬০০০+৫০০+৬৫)= (৬৫৬৫.০০ x ২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১১, ২০১২, ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালের ন্যায় সৌদি আরবে হজযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ১,৩৭,৮৬৫.০০ |
| ৩. | **মোয়াল্লেম ফিঃ ১০৮৯ সৌঃরিঃ** (১০৮৯ x ২১.০০)। | ২২,৮৬৯.০০ |
| ৪. | **জমজম পানিঃ ১৫ সৌঃরিঃ (১৫** x ২১.০০)। | ৩১৫.০০ |
| ৫. | **অতিরিক্ত সার্ভিস চার্জঃ১০০০ সৌঃরিঃ (১০০০** x ২১.০০)। | ২১,০০০.০০ |
| ৬. | **ট্রেন ভাড়াঃ** মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা **ট্রেন ভাড়াঃ** সৌঃ রিঃ ২৫০ (**২৫০** x ২১.০০)। | ৫,২৫০.০০ |
| ৭. | **ব্যাংক গ্যারান্টি হজ মন্ত্রণালয়ের অনুকূলে ৫০ সৌঃরিঃ (৫০** x ২১.০০)। | ১০৫০.০০ |
| ৮. | **ব্যাংক গ্যারান্টি জেনারেল কারসিন্ডিকেট এর অনুকূলে ১৮ সৌঃরিঃ (১৮** x ২১.০০)। | ৩৭৮.০০ |
| ৯. | **স্থানীয় সার্ভিস চার্জঃ**<br>আইডি কার্ড, কজিবেল্ট, কিটব্যাগ, হজ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ১০. | **হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) :** | ২০০.০০ |
| ১১. | **প্রশিক্ষণ ফি :** | ৩০০.০০ |
| ১২. | **খাওয়া খরচ :**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ৪০ (চল্লিশ) | ৩৩,৬০০.০০ |

| | | |
|---|---|---|
| | দিনের খাওয়া খরচ বাবদ (৪০ x ৪০) = ১৬০০ সৌঃ রিঃ (১৬০০ x ২১.০০) | |
| ১৩ | ৫৬ সেঃমিঃ x ২৫সেঃ মিঃ x ৪৫ সেঃ মিঃ আয়তনের ও একই রং-এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ২,০০০.০০ |
| ১৪. | হজ গাইড বাবদ ব্যয়ঃ প্রতি ৪৫ জন হজযাত্রীর জন্য ১ জন হজ গাইড হিসেবে | ৭,৭১১.৫০ |
| | মোট = | **২,৩৩,৩৩৮.৫০** |
| সর্ব মোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১+১২+১৩+১৪) = | | **৩,৬০,০২৮.১৮** |

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)**

**তাছাড়াও প্রত্যেক হজযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌঃরিঃ সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে।**

২.২ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীগণের জন্য জনপ্রতি **প্যাকেজ নং-০২** এ মোট খরচ **৩,০৪,৯০৩.১৮ (তিন লক্ষ চার হাজার নয়শত তিন টাকা আঠার পঁয়সা ) টাকা** মাত্র নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে।

| নং | ব্যয়ের খাতসমুহ | টাকা |
|---|---|---|
| ১. | **বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের** Dedicated Hajj Flight**) :** | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৫০ (১৪৫০ x ৮০.৫০) | ১,১৬,৭২৫.০০ |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ x ২১.০০) | ১,০৫০.০০ |
| | (গ) হজ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ৩০ (৩০ x ২১.০০) | ৬৩০.০০ |
| | (ঘ) এম্বারকেশন ফি | ৫০০.০০ |
| | (ঙ) এম্বারকেশন ফি-এর উপর ১৫% ভ্যাট | ৭৫.০০ |
| | (চ) এক্সাইজ ডিউটি | ১০০০.০০ |
| | (ছ) সৌদি সরকারের সিকিউরিটি চার্জ ০৪ মাঃডাঃ (০৪ x ৮০.৫০) | ৩২২.০০ |
| | (জ) সিটি চেক-ইন চার্জ ৫০.০০ মাঃডঃ (৫০ x ৮০.৫০) | ৪০২৫.০০ |
| | (ঝ) ট্রাভেল এজেন্ট কমিশন ২৫.০০ মাঃডঃ (২৫ x ৮০.৫০) | ২০১২.৫০ |
| | (ঞ) বিমান ভাড়া ১৪৫০ মাঃ ডঃ এর উপর উৎসে কর (১৪৫০ x ০.৩০%) বাবদ (৪.৩৫ x ৮০.৫০) | ৩৫০.১৮ |
| | মোট = | **১,২৬,৬৮৯.৬৮** |
| ২ | **মক্কা ও মদিনায় বাড়ী ভাড়াঃ**<br>মক্কা ও মদিনায় হজযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং১% অতিরিক্ত বাসস্থানসহ সৌঃ রিঃ (৩৪০০+৫০০+৪০)= (৩৯৪০.০০ x ২১.০০)।<br>**বাড়ী ভেদে বাড়ী ভাড়ার অব্যয়িত অর্থ (যদি থাকে) ২০১১, ২০১২, ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালের ন্যায় সৌদি আরবে হজযাত্রীদের অবশ্যই ফেরত প্রদান করা হবে।** | ৮২,৭৪০.০০ |
| ৩. | **মোয়াল্লেম ফিঃ ১০৮৯ সৌঃরিঃ** (১০৮৯ x ২১.০০)। | ২২,৮৬৯.০০ |
| ৪. | **জমজম পানিঃ ১৫ সৌঃরিঃ (১৫** x ২১.০০)। | ৩১৫.০০ |
| ৫. | **অতিরিক্ত সার্ভিস চার্জঃ১০০০ সৌঃরিঃ (১০০০** x ২১.০০)। | ২১,০০০.০০ |
| ৬. | **ট্রেন ভাড়াঃ** মিনা-আরাফা ও আরাফা-মুযদালিফা-জামারা ট্রেন ভাড়াঃ সৌঃ রিঃ ২৫০ (**২৫০** x ২১.০০)। | ৫,২৫০.০০ |
| ৭. | ব্যাংক গ্যারান্টি হজ মন্ত্রণালয়ের অনুকূলে ৫০ সৌঃরিঃ (৫০ x ২১.০০)। | ১০৫০.০০ |
| ৮. | ব্যাংক গ্যারান্টি জেনারেল কারসিন্ডিকেট এর অনুকূলে ১৮ সৌঃরিঃ (১৮ x ২১.০০)। | ৩৭৮.০০ |
| ৯. | **স্থানীয় সার্ভিস চার্জঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ১০. | **হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) :** | ২০০.০০ |
| ১১. | **প্রশিক্ষণ ফিঃ** | ৩০০.০০ |
| ১২. | **খাওয়া খরচঃ**<br>রাজকীয় সৌদি সরকারের নির্দেশনামোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০ x ৪০) = ১৬০০ সৌঃ রিঃ (১৬০০ x ২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১৩ | ৫৬ সেঃমিঃ x ২৫সেঃ মিঃ x ৪৫ সেঃ মিঃ আয়তনের ও একই রং-এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ২,০০০.০০ |
| ১৪. | হজ গাইড বাবদ ব্যয়ঃ প্রতি ৪৫ জন হজযাত্রীর জন্য ১ জন হজ গাইড হিসেবে | ৭,৭১১.৫০ |
| | মোট = | **১,৭৮,২১৩. ৫০** |
| সর্ব মোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১+১২+১৩+১৪) = | | **৩,০৪,৯০৩.১৮** |

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)**

**তাছাড়াও প্রত্যেক হজযাত্রীকে কুরবানী খরচ বাবদ ৫০০.০০ (পাঁচশত) সৌঃরিঃ সমপরিমান ১০,৫০০.০০ (দশ হাজার পাঁচশত) টাকা কম/বেশী পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিতে হবে।**

২.৩ **প্রতিজন হজযাত্রীর প্রাপ্য সুবিধাসমূহঃ** (ক) সৌদি আরব গমনের ভিসা, (খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সযোগে নির্ধারিত সময়ে ঢাকা-জেদ্দা-ঢাকা পথে সরাসরি সৌদি আরবে যাওয়া-আসার সুযোগ, (গ) **প্যাকেজ ০১** এর হজযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে **সর্বোচ্চ১২০০ মিটার** ও মদিনায় মসজিদে নববী থেকে **সর্বোচ্চ৫০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন, (ঘ) **প্যাকেজ ০২** এর হজযাত্রীগণ মক্কায় ক্বাবা শারীফ থেকে ২কিঃমিঃ এর মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন। তবে যদি বর্ণিত দরে কাছাকাছি বাড়ী/হোটেল ভাড়া করা সম্ভব না হয় তাহলে ২কিঃমিঃ এর অধিক দুরত্বের আজিজিয়া এলাকায় অবস্থিত উন্নতমানের বাড়ী/হোটেলে অবস্থান করবেন এবং তাঁরা সৌদি সরকারের বিধান অনুযায়ী বাসযোগে প্রতিদিন হারাম শরীফে যাতায়াত করবেন ও মদিনায় মসজিদে নববী থেকে **সর্বোচ্চ৮০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে অবস্থান করবেন, (ঙ) সৌদি সরকার কর্তৃক প্রদত্ত তাসরিয়ায় উল্লিখিত বাড়ী প্রতি সীট সংখ্যা অনুযায়ী নির্ধারিত জায়গায়১টি খাট, ১টি বিছানা, ১টি বালিশ ও ১টি কম্বল, (চ) কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত হবে (কোন কোন কক্ষে অতিরিক্ত ফ্যান থাকতে পারে), (ছ) ৫-৬ জনের জন্য ১টি সংযুক্ত/কমন গোসলখানা/টয়লেট, (জ) প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা, (ঝ) বাড়ীর প্রতি কক্ষে/ফ্লোরে এক বা একাধিক ফ্রিজ ও টিভি (ঞ) প্রতি হাজীর জন্য মীনায় তাঁবুতে সৌদি সরকার কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট পরিমাণ জায়গা, (ট) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনা-মীনা-আরাফা-এ যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা, (ঠ) মক্কা ও মদিনায় সাধারণ চিকিৎসা সুবিধা, (ড) আশকোনাস্থ হজ ক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব/ ফ্লাইট পরবর্তী থাকার ব্যবস্থা, ক্যাফেটেরিয়াতে নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজের আহকাম-আরকান সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ, বইপুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো, (ঢ) **প্রতি ৪৫ জন** হজযাত্রীর জন্য ১ জন অভিজ্ঞ গাইড নিয়োগ ও **(ণ) কুরবানী খরচ বাবদ প্রত্যেক হজযাত্রীকে আনুমানিক সৌঃরিঃ ৫০০(পাঁচশত) সমপরিমাণ ১০.৫০০.০০ (দশ হাজার পাঁচশত) সৌঃ রিঃ (কম/বেশি) পৃথকভাবে নিজ দায়িত্বে সংগে নিয়ে যেতে হবে। কুরবানী সৌদি আরবস্থ ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এর কুপন ক্রয়ের মাধ্যমে প্রদান করাই শ্রেয় হবে।**

২.৪ **জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৬ প্রাক-নিবন্ধন ক্রমিক নম্বরপ্রাপ্ত হজযাত্রীগণের মধ্যে যারা সরকারি ব্যবস্থাপনায় গমণ করবেন তাঁরা উভয় প্যাকেজের ক্ষেত্রে প্রাক-নিবন্ধনের জন্য প্রদত্ত অগ্রীম জামানত ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা সমন্বয় করে, প্রাক-নিবন্ধন ফি ২,০০০ (দুই হাজার) টাকা সমন্বয়যোগ্য নহে, প্যাকেজের অবশিষ্ট অর্থ সরকার নির্ধারিত ব্যাংকে আগামী ৩০/০৫/২০১৬ তারিখের মধ্যে জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। এ ক্ষেত্রে ব্যাংক সমূহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধন সিস্টেমে উক্ত অর্থ প্রাপ্তি তাৎক্ষনিকভাবে নিশ্চিত করবে। পরবর্তীতে অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে আইটি কর্তৃক হজযাত্রীকে হজ ব্যবস্থাপনা সিষ্টেমে (HMIS) তাঁর প্রিলগ্রিম আইডি (PID) প্রদানপূর্বক হজ নিবন্ধন কার্যক্রম সম্পাদিত হবে। যে সকল প্রাক নিবন্ধিত হজযাত্রী অবশিষ্ট অর্থ জমা প্রদান করে বিষয়টি ব্যাংক নিবন্ধন সিস্টেমে নিশ্চিত করবে না, তারা হজে গমনে অনিচ্ছুক বলে গণ্য হবেন। তবে এক্ষেত্রে তাদের অগ্রিম জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রসেসিং ফি বাবদ কর্তন করে অবশিষ্ট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফেরত নিতে পারবেন।**

২.৫ **নির্ধারিত ব্যাংকসমূহঃ সরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের নিবন্ধন ফি ও হজ সংক্রন্ত প্যাকেজ মূল্যের অবশিষ্ট টাকা সরকার নির্ধারিত ব্যাংকসমূহের যে কোন শাখায় জমা দেয়া যাবে। সরকার নির্ধারিত ব্যাংকসমূহের তালিকা পত্রিকা মারফত বিজ্ঞপ্তি আকারে পরবর্তীতে প্রকাশ করা হবে।**

২.৬ হজযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ অফিসের মাধ্যমে সৌদি আরব গমনের ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে।

২.৭ হজযাত্রীদেরকে নিজ উদ্যোগে **মেশিন রিডাবল আন্তর্জাতিক পাসপোর্ট (MRP)** সংগ্রহ করতে হবে।

২.৮ সরকারি ব্যবস্থাপনার সকল হজযাত্রী কেবল হযরত শাহ জালাল (রাঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা দিয়ে সৌদি আরব গমনাগমন করবেন।

২.৯ সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের লাগেজে নাম, আন্তর্জাতিক পাসপোর্ট নম্বর ও মোয়াল্লেম নম্বর ইংরেজীতে লেখা বাধ্যতামূলক।

২.১০ সৌদি আরবে মক্কায় অবস্থিত কাউন্সেলর (হজ) এর সাথে পরামর্শক্রমে আশকোনাস্থ পরিচালক, হজ অফিস, ঢাকা হজযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবেন এবং বাংলাদেশ হজ অফিস, মক্কা হজযাত্রীদের মদিনার বাসা বরাদ্দ করবেন।

**৩. বেসরকারি ব্যবস্থাপনাঃ**

**৩.১ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ এজেন্সির মাধ্যমে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রী প্রতি ব্যয়ঃ**

| নং | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ১. | বিমান ভাড়া (ঢাকা-জেদ্দা/মদিনা-ঢাকা পথের Dedicated Hajj Flight) : | |
| | (ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৪৫০ (১৪৫০ X ৮০.৫০) | ১,১৬,৭২৫.০০ |
| | (খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ X ২১.০০) | ১,০৫০.০০ |
| | (গ) হজ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃরিঃ৩০ (৩০ X ২১.০০) | ৬৩০.০০ |
| | (ঘ) এম্বারকেশন ফি | ৫০০.০০ |
| | (ঙ) এম্বারকেশন ফি-এর উপর ১৫% ভ্যাট | ৭৫.০০ |
| | (চ) এক্সাইজ ডিউটি | ১০০০.০০ |

| | | |
|---|---|---|
| | (ছ) সৌদি সরকারের সিকিউরিটি চার্জ ০৪ মাঃডাঃ (০৪ X ৮০.৫০) | ৩২২.০০ |
| | (জ) সিটি চেক-ইন চার্জ ৫০.০০ মাঃডঃ (৫০ X ৮০.৫০) | ৪০২৫.০০ |
| | (ঝ) ট্রাভেল এজেন্ট কমিশন ২৫.০০ মাঃডঃ (২৫ X ৮০.৫০) | ২০১২.৫০ |
| | (ঞ) বিমান ভাড়া ১৪৫০ মাঃ ডঃ এর উপর উৎসে কর (১৪৫০ X ০.৩০%) বাবদ (৪.৩৫ X ৮০.৫০) | ৩৫০.৭৫ |
| | মোট = | **১,২৬,৬৮৯.৬৮** |
| ২. | **মোয়াল্লেম ফিঃ** ১০৮৯ সৌঃরিঃ (১০৮৯ x ২১.০০)। | ২২,৮৬৯.০০ |
| ৩. | **জমজম পানিঃ ১৫ সৌঃরিঃ (১৫** x ২১.০০)। | ৩১৫.০০ |
| ৪. | **১% হারে অতিরিক্ত বাড়ীভাড়া বাবদ (৪০** x ২১.০০) | ৮৪০.০০ |
| ৫. | **ব্যাংক গ্যারান্টি হজ মন্ত্রণালয়ের অনুকূলে ৫০ সৌঃরিঃ (৫০** x ২১.০০)। | ১০৫০.০০ |
| ৬. | **ব্যাংক গ্যারান্টি জেনারেল কারসিন্ডিকেট এর অনুকূলে ১৮ সৌঃরিঃ (১৮** x ২১.০০)। | ৩৭৮.০০ |
| ৭. | **স্থানীয় সার্ভিস চার্জঃ**<br>আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজযাত্রীদের অন্যান্য সেবা প্রদান ইত্যাদি | ৮০০.০০ |
| ৮. | **হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড) :** | ২০০.০০ |
| ৯. | ৫৬ সেঃমিঃ x ২৫সেঃ মিঃ x ৪৫ সেঃ মিঃ আয়তনের ও একই রঙ-এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ২,০০০.০০ |
| ১০. | **প্রশিক্ষণ ফিঃ** | ৩০০.০০ |
| | **মোট-** | ২৮,৪৫২.০০ |
| | **সর্ব মোট(১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০) =** | **১,৫৫,৪৪১.৬৮** |

**এ ছাড়াও সরকার অনুমোদিত প্রত্যেকটি হজ এজেন্সী বেসরকারী ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য নিজ নিজ প্যাকেজ অনুযায়ী মক্কা ও মদিনার বাড়ী/হোটেল ভাড়া, খাওয়া খরচ, মোয়াল্লেমকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস ইত্যাদি বাবদ ব্যয় চূড়ান্তকরতঃ সর্বোচ্চ২(দুই)টি হজ প্যাকেজ ঘোষণা করবে এবং প্যাকেজ অনুযায়ী বাড়ী/হোটেল ভাড়া করণ, ক্যাটারিং কোম্পানীর সাথে চুক্তি সম্পাদন ও হজযাত্রীদের সৌদি আরব গমনাগমন নিশ্চিত করবেন। রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবে প্রত্যেকটি হজ এজেন্সির নিজ নিজ নামে ব্যাংক হিসাব সচল রাখতে হবে এবং উহার মাধ্যমে আবাসন ও খাবারের অর্থ পরিশোধ করতে হবে। যে সকল হজ এজেন্সী SAMA (Saudi Arabian Monitoring Agency) এর নির্দেশনা অনুযায়ী সৌদি আরবে ব্যাংক হিসাব সচল রাখবেন না এবং ব্যাংকের মাধ্যমে বাড়ী/হোটেল ভাড়া ও খাবারের অর্থ পরিশোধ করবে না সে সকল হজ এজেন্সী হজযাত্রী প্রেরণে রাজকীয় সৌদি সরকারের অনুমোদন পাবে না এবং এ সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পাদন করতে হবে।১৩ জিলহজ তারিখ পর্যন্তবাংলাদেশী হজযাত্রীদের ৫০% মিনায় অবস্থান নিশ্চিত করতে হবে। বেসরকারি হজ এজেন্সীসমূহ সরকার ঘোষিত প্যাকেজ-২ এর নিম্নে কোন প্যাকেজ ঘোষনা করতে পারবে না।**

**নোটঃ প্রতি মার্কিন ডলার ৮০.৫০ (আশি টাকা পঞ্চাশ পয়সা) টাকা এবং প্রতি সৌদি রিয়াল ২১.০০ (একুশ) টাকা হারে ধরা হয়েছে)**

৩.২ **জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৬ প্রাক-নিবন্ধন ক্রমিক নম্বরপ্রাপ্ত হজযাত্রীগণের মধ্যে যারা সরকারি ব্যবস্থাপনায় গমণ করবেন তাঁরা উভয় প্যাকেজের ক্ষেত্রে প্রাক-নিবন্ধনের জন্য প্রদত্ত অগ্রীম জামানত ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা সমন্বয় করে, প্রাক-নিবন্ধন ফি ২,০০০ (দুই হাজার) টাকা সমন্বয়যোগ্য নহে, সংশ্লিষ্ট এজেন্সীর সাথে চুক্তি অনুযায়ী অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট হজ এজেন্সীর নির্ধারিত ব্যাংকে আগামী৩০/০৫/২০১৬ তারিখের মধ্যে জমা প্রদান করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট হজ এজেন্সী/হজ এজেন্সীর মনোনীত ব্যাংক ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধন সিস্টেমে উক্ত অর্থ প্রাপ্তি তাৎক্ষনিকভাবে নিশ্চিত করবে। পরবর্তীতে অর্থ প্রাপ্তি নিশ্চিত সাপেক্ষে আইটি কর্তৃক হজযাত্রীকে হজব্যবস্থাপনা সিষ্টেমে (HMIS) তাঁর প্রিলগ্রিম আইডি (PID) প্রদানপূর্বক হজ নিবন্ধন কার্যক্রম সম্পাদিত হবে। যে সকল প্রাক নিবন্ধিত হজযাত্রীদের অর্থ প্রাপ্তি হজ এজেন্সী/ হজ এজেন্সীর মনোনীত ব্যাংক নিশ্চিত করবে না, তারা হজে গমনে অনিচ্ছুক বলে গণ্য হবেন। তবে এক্ষেত্রে তাদের অগ্রিম জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রসেসিং ফি বাবদ কর্তন করে অবশিষ্ট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফেরত নিতে পারবেন।**

৩.৩ সরকারি ব্যবস্থাপনার প্রত্যেক হজযাত্রীর ট্রলি ব্যাগ সরকার এবং বেসরকারি ব্যবস্থানার প্রত্যেক হজযাত্রীর ট্রলি ব্যাগ হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) ক্রয় ও সরবরাহ নিশ্চিত করবে। ৫৬ সেঃমিঃ x ২৫সেঃ মিঃ x ৪৫ সেঃ মিঃ আয়তনের ও একই রং-এর ট্রলি ব্যাগ সরবরাহের জন্য হজযাত্রী প্রতি ১৭,০০.০০ (এক হাজার সাতশত) টাকা হাব-এর ব্যাংক হিসাবে আগামী ৩০/০৫/২০১৬ তারিখের মধ্যে যে সকল ব্যাংকে হজ এজেন্সীগুলোর নিজ নিজ নামীয় ব্যাংক হিসাব রয়েছে সে সকল ব্যাংকের মাধ্যমে জমা প্রদান করতে হবে।

৩.৪ এ ছাড়াও (ক) মিনা-আরাফা-এ মোয়াল্লেমের অতিরিক্ত সার্ভিস চার্জ, (খ) মক্কা-মদিনায় বাড়ী/হোটেল ভাড়া ব্যয়, (গ) হজযাত্রীদের কুরবানী খরচ (কুরবানী নিশ্চিত করার জন্য সৌদি আরবে ইসলামী ডেভেলপমেন্ট ব্যাংক-এ অর্থ জমা করে কুপন প্রত্যেক হজযাত্রীকে দিতে হবে ও (ঘ) হজ গাইড বাবদ খরচ প্রত্যেক হজ এজেন্সী নিজ নিজ হজ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে

৩.৫ হজ এজেন্সীসমূহকে বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণকে ঢাকা/চট্টগ্রাম/সিলেট-জেদ্দা/মদিনা-ঢাকা/চট্টগ্রাম/সিলেট পথে সরাসরি (Hajj Dedicated) ফ্লাইট যোগে সৌদি আরব যাতায়াত নিশ্চিত করতে হবে।

৩.৬ হজ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ এজেন্সীকে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করতে হবে। সরকার ও হজ এজেন্সীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ এজেন্সী হজ প্যাকেজ ঘোষণা করতঃ হজযাত্রী সংগ্রহ করতে পারবে না।

৩.৭ প্রত্যেক হজ এজেন্সীকে হজযাত্রীর সাথে সরকার নির্ধারিত ফরমে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করতে হবে। হজ এজেন্সী ও হজযাত্রীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সী হজ বাবদ অর্থ সংগ্রহ করতে পারবে না ও ভিসা প্রক্রিয়াকরণ হবে না। চুক্তির মূল কপি হজযাত্রীর নিকট, একটি অনুলিপি ঢাকাস্থ হজ অফিসে এবং অন্যটি হজ এজেন্সীর নিকট সংরক্ষিত থাকবে। বেসরকারি এজেন্সী কর্তৃক ঘোষিত প্যাকেজ এবং হজযাত্রীদের সাথে তাদের সম্পাদিত চুক্তির অনুলিপি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়েও প্রেরণ করবে।

৩.৮ প্রাক-নিবন্ধন ক্রমিক নম্বরপ্রাপ্ত হজযাত্রীগণের মধ্যে যারা বেসরকারি ব্যবস্থাপনায় গমণ করবেন তাঁরা উভয় প্যাকেজের ক্ষেত্রে প্রাক-নিবন্ধনের জন্য প্রদত্ত অগ্রীম জামানত **২৮,০০০/- (আটাশ হাজার)** টাকা সমন্বয় করে প্রাক-নিবন্ধন ফি **২,০০০ (দুই হাজার)** টাকা সমন্বয়যোগ্য নহে, প্যাকেজের অবশিষ্ট অর্থ হজ এজেন্সীর নিজ নিজ ব্যাংক হিসাবে জমা হয়েছে মর্মে সংশ্লিষ্ট ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও হাব কর্তৃক প্রতিস্বাক্ষরিত ব্যাংক ষ্টেটমেন্ট (জমা বিবরণী) হজ অফিস, ঢাকার বরাবরে জমাদান নিশ্চিত করতে হবে এবং উহার অনুলিপি অবশ্যই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যদি কোন হজযাত্রী হজে যেতে আগ্রহী না হন তাহলে অগ্রিম নিবন্ধিত জামানত ফেরত নিতে পারবেন, **তবে এক্ষেত্রে তাদের জামানত বাবদ জমাকৃত টাকার মধ্য হতে ৩,০০০/- (তিন হাজার) টাকা প্রসেসিং ফি বাবদ কর্তন করে অবশিষ্ট টাকা ফেরত প্রদান করা হবে।**

৩.৯ প্রত্যেক হজ এজেন্সী নিজ নিজ এজেন্সীর মাধ্যমে নিবন্ধিত হজযাত্রীদের সমন্বিত একটি তালিকা বিশেষ বাহক মারফত হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে এবং একটি তালিকা স্বাস্থ্য পরীক্ষার জন্য সংশ্লিষ্ট মহানগর/জেলা/উপজেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবে।

৩.১০ বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের জন্য রাজকীয় সৌদি সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে মক্কা ও মদিনায় অবশ্যই বাড়ী/হোটেল ভাড়া এবং হজযাত্রীর সংখ্যা অনুযায়ী ক্যাটারিং কোম্পানীর সাথে খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদনের কার্য ক্রম সমাপ্ত করে মক্কাস্থ হজ মন্ত্রণালয় থেকে নিজ নিজ এজেন্সীর অনুকূলে নির্দি ষ্ট বারকোড সংগ্রহ করতে হবে। তবে মাননীয় হজমন্ত্রী, সৌদি আরব এর পরামর্শ মোতাবেক রমজান মাসের মধ্যেই উহা সম্পন্ন করা উত্তম হবে। হজযাত্রীদেরকে মক্কা/মদিনায় তাসরিয়াযুক্ত এক/একাধিক বাড়ি/হোটেলে রাখা যাবে। সৌদি বিধি মোতাবেক হারাম শরীফ থেকে দুই কিলোমিটার বা এর অধিক দূরত্বে বাড়ী/হোটেল অবস্থানের ব্যবস্থা করলে অবশ্যই যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা করতে হবে।

৩.১১ প্রত্যেক হজ এজেন্সীকে অবশ্যই সৌদি আরবের বিধি-বিধান মেনে বাড়ী/হোটেল ভাড়া করতে হবে এবং বাড়ী ভাড়ার অর্থ হজ এজেন্সীর সৌদি আরবস্থ ব্যাংক হিসাবের মাধ্যমে বাড়ী/হোটেল মালিকের ব্যাংক হিসাবে একাউন্ট-পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করতে হবে। কোনক্রমেই তাসরিয়া/তাসনিফ ব্যতিত বাড়ী/হোটেলের সাথে চুক্তি করা যাবে না এবং চুক্তিবিহীন বাড়ী/হোটেলে হজযাত্রীদের আবাসন ব্যবস্থা করা যাবে না এবং বাড়ী/হোটেল ভাড়ার অর্থ নগদ পরিশোধ করা যাবে না। মক্কায় হজযাত্রীদের জন্য ভাড়াকৃত নির্ধারিত বাড়ীতেই অবস্থান নিশ্চিত করতে হবে। কোনক্রমেই আবাসনের জন্য তারসিয়া/তাসনিফসহ ভাড়াকৃত বাড়ী/হোটেল ছাড়া অন্যত্র হজযাত্রীদের রাখা যাবে না। উহার ব্যত্যয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকারের নিকট চরম অপরাধ হিসেবে বিবেচিত হবে।

৩.১২ রাজকীয় সৌদি সরকারের নির্দে শনা মোতাবেক প্রত্যেকটি হজ এজেন্সীকে সংশ্লিষ্ট হজ এজেন্সীর মাধ্যমে নিবন্ধিত হজযাত্রীদের জন্য সৌদি আরবে অবস্থানকালে দৈনিক তিন বেলা খাবার সরবরাহের জন্য সৌদি সরকার কর্তৃক অনুমোদিত ক্যাটারিং কোম্পানীর সাথে বাধ্যতামূলক চুক্তি সম্পাদন করতে হবে। উল্লেখ্য যে, হজযাত্রীদের আবাসন ও খাবার সংক্রান্ত চুক্তি সম্পাদন এবং সম্পাদিত চুক্তি মোতাবেক মূল্য ব্যাংকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরিশোধ করা না হলে হজ এজেন্সীর হজযাত্রীদের অনুকূলে সৌদি কর্তৃপক্ষ বার কোড ইস্যু করবে না।

৩.১৩ হজ এজেন্সীসমূহ পরিচালক, হজ অফিস, ঢাকা এবং বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ ও সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স লিঃ এর সাথে আলোচনার মাধ্যমে আরবী শাওয়াল মাসের মধ্যে তাদের নিজ নিজ হজযাত্রী প্রেরণের তারিখ/**হজ ফ্লাইট সিডিউল চূড়ান্ত** করবে।

৩.১৪ প্রত্যেক হজ এজেন্সী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, থার্ড ক্যারিয়ার এর সাথে যোগাযোগ করে হজযাত্রীদের জন্য সৌদি আরব গমনাগমনের টিকিট সংগ্রহ করবেন এবং পরিবহনকৃত হজযাত্রীদের সংখ্যা ও প্রদত্ত টিকেট অনুযায়ী বিমান ভাড়ার অর্থ ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজযাত্রীপরিবহনে নিযুক্ত সংশ্লিষ্ট এয়ারলাইন্সসমূহকে সরাসরি পরিশোধ করবে।

৩.১৫ হজযাত্রীগণ মেশিন রিডাবল আন্তর্জাতিক পাসপোর্ট (MRP) সংগ্রহ করে অনুমোদিত হজ এজেন্সির সহযোগিতায় সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজে গমন করবেন।

৩.১৬ বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীর ট্রলি ব্যাগে নিজের নাম, পাসপোর্ট নম্বর, হজ এজেন্সির নাম এবং সৌদি আরবে সংশিষ্ট হজ এজেন্সির প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা ইংরেজীতে লেখা বাধ্যতামূলক।

৩.১৭ নিবন্ধন ফি ব্যতিত জামানত হিসেবে গৃহীত অর্থ সমন্বয় পূর্ব ক হজ প্যাকেজের অর্থ হজযাত্রীগণ হজ এজেন্সির**নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা** দিবেন। তবে এজেন্সীসমূহ শুধুমাত্র এজেন্সীর **স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রসিদমূলে** হজযাত্রীদের নিকট থেকে নিবন্ধন ফি অন্যান্য অর্থ সরাসরি নগদ হিসাবে গ্রহণ করতে পারবে। কোন হজ এজেন্সী দালাল বা তথাকথিত কাফেলার লিডার/গ্রুপ লিডারের মাধ্যমে হজযাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারবে না।

৩.১৮ প্রত্যেক এজেন্সি হজ প্যাকেজ, হজযাত্রীর নাম, পাসপোর্ট নম্বর; ঠিকানা, মোবাইল ফোন নম্বর, জাতীয় পরিচয়পত্র নম্বর, বারকোড নম্বর ইত্যাদি তথ্য; হজযাত্রীদের ফ্লাইট সিডিউল, হজ এজেন্সী ও হজযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, সরকার ও এজেন্সীর মধ্যে

স্বাক্ষরিত চুক্তিপত্র; মক্কা ও মদিনায় হজযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির মালিকের নাম-ঠিকানা-মোবাইল ফোন নম্বর, বাড়ির রোড/এলাকার নাম; নিয়োজিত প্রতিনিধি ও হজকর্মীর সৌদি আরবে এবং বাংলাদেশের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফট্ কপি হজ অফিস, ঢাকায় সরবরাহ করবে।

৩.১৯ হজযাত্রীর মোবাইল/ফোন নম্বর না থাকলে সেক্ষেত্রে যোগাযোগ করার জন্য দুইজন নিকট আত্মীয়ের মোবাইল নম্বর আবেদনপত্রে এবং হজ এজেন্সি ও হজযাত্রীর সাথে সম্পাদিত চুক্তিপত্রে উল্লেখ করতে হবে।

৩.২০ প্রত্যেক হজ এজেন্সি ৪৫ জন হজযাত্রীর জন্য একজন অভিজ্ঞ হজ গাইড নিয়োগ করবে।

৩.২১ প্রত্যেক হজ এজেন্সি সর্বনিম্ন ৫০(পঞ্চাশ) জন এবং সবোর্চ্চ ৩০০ (তিনশত) জন হজযাত্রী হজে প্রেরণ করতে পারবে। উল্লেখ্য রাজকীয় সৌদি সরকারের নির্দে শনা অনুযায়ী উহা পরিবর্তন হতে পারে।

৩.২২ †Kvb G‡RwÝ †KvUvi Kg nRhvÎx ‡c‡j ev jvB‡mÝ Pvjv‡Z AcviM n‡j ev jvB‡mÝ ewZj n‡j, miKvi KZK Ab‡gv`b mv‡c‡ÿ H nRhvÎx‡`i Ab¨ jvB‡m‡Ý wbawiZ mg‡qi g‡a¨ ¯'vbvšÍi Ki‡Z n‡e|

৩.২৩ কোনক্রমেই নিবন্ধিত হজযাত্রীদের নাম পরিবর্তন করা যাবে না। এ ক্ষেত্রে জাতীয় হজ ও ওমরাহ নীতি-১৪৩৭হিজরী/২০১৬ এর ৭.৪ অনুচ্ছেদের বিধান প্রযোজ্য হবে।

৩.২৪ রাজকীয় সৌদি সরকারের নির্দে শনা মোতাবেক মক্কস্থ হাব প্রতিনিধির সাথে পরামর্শ ক্রমে কাউন্সিলর (হজ), মক্কা কর্তৃক মক্কা আল-মোকাররমা এবং মদিনা আল-মনোওয়ারায় মোট হজযাত্রীর ১% হারে অতিরিক্ত সীট ভাড়া নিশ্চিত করা হবে।

৩.২৫ ফ্লাইটের সময়সূচীর ব্যাপারে স্থানীয় সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক পরিবর্তন ছাড়া মিশন বা এজেন্সী কিংবা এয়ারলাইন্স কর্তৃক কোন পরিবর্তন হজ মন্ত্রণালয়ের নিকট গ্রহণযোগ্য হবে না।

৩.২৬ মদিনাস্থ বাড়ী/হোটেল ভাড়ার চুক্তিতে এয়ারলাইন্স এর নাম, ফ্লাইট নম্বর ও সৌদি আরবের বিমান বন্দরের নাম এন্ট্রি করতে হবে। এর ব্যত্যয় হলে উক্ত এজেন্সীর বিপরীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.২৭ জেদ্দাস্থ বিমান বন্দর অথবা বাংলাদেশ থেকে সরাসরি মদিনা আল মোনাওয়ারায় গমনকালে হজযাত্রীদের সাথে অথবা হজ এজেন্সীর বৈধ প্রতিনিধির নিকট মদিনার আবাসনের চুক্তির কপি থাকতে হবে।

৩.২৮ মক্কা আল মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা আল মোনাওয়ারায় গমনের জন্য সকল হজযাত্রীর মদিনায় আবাসন চুক্তির বিবরণী অন লাইনে থাকতে হবে। উক্ত বিবরণী অন লাইনে না পাওয়া গেলে কোন হজযাত্রীকে মক্কা আল মোকাররমা অথবা বাংলাদেশ থেকে মদিনা আল মোনাওয়ারায় প্রেরণ করা সম্ভব হবে না।

৩.২৯ প্রত্যেক পাসপোর্টে র সাথে ইউনাইডে এজেন্টস অফিস কর্তৃক প্রদত্ত নমুনা কার্ড ও বাস এর টিকেট অবশ্যই সংযুক্ত থাকতে হবে। হজ অফিস, ঢাকা বিষয়টি নিশ্চিত করবে।

৩.৩০ একই হজ ফ্লাইটে ০২/০৩ টির অধিক হজ এজেন্সীর হজযাত্রী পরিবহন করতে পারবে না এবং তাঁদের মধ্যে প্রত্যেক ৪৫ জনে ০১ জন করে গাইড হিসেবে নির্দিষ্ট থাকতে হবে। যা হজফ্লাইট শুরুর অন্তত ০১(এক) মাস পূর্বে সম্পন্ন করতঃ ঢাকা হজ অফিসে প্রেরণ করতে হবে।

৩.৩১ হজ এজেন্ট কর্তৃক হজযাত্রীদের প্রদেয় সকল সার্ভি স এর বিস্তারিত বিবরণ সম্পাদিত চুক্তিতে উল্লেখ থাকতে হবে। উক্ত চুক্তির আরবী ভাষায় অনুবাদকৃত কপি স্থানীয় মোয়াচ্ছাসা অফিসে জমা দিতে হবে।

৩.৩২ হজের পূর্বে ২৫ জ্বিলক্বদ ১৪৩৭ হিজরীর পরে কোন হজযাত্রী মক্কা আল মোকাররমা কিংবা জেদ্দা থেকে সড়ক পথে মদিনা আল মোনাওয়ারায় গমন করতে পারবেন না।

৩.৩৩ হজের পূর্বে ০৫ই জ্বিলহজ্জের পরে কোন হজযাত্রী মদিনা আল মোনাওয়ারায় অবস্থান করতে পারবেন না।

৩.৩৪ হজের পূর্বে ০৫ই জ্বিলহজ্জের পরে মদিনা আল মোনাওয়ারায় অবস্থানের লক্ষে বাড়ী/হোটেল ভাড়ার কোন চুক্তি স্বাক্ষর করা যাবে না।

৩.৩৫ হজের পরে মক্কা থেকে ১৪ই জ্বিলহজ্জের পূর্বে কোন হজযাত্রী মক্কা আল মোকাররমা থেকে মদিনা আল মোনাওয়ারায় গমন করতে পারবেন না।

৩.৩৬ আকাশ পথে জেদ্দা থেকে মদিনা যাওয়ার সর্ব শেষ তারিখ০২ জ্বিলহজ তবে সে ক্ষেত্রে ০৫ই জ্বিলহজ্জের পূর্বে মদিনা-জেদ্দার রিটার্ণ টিকেটে বুকিং কনফার্ম থাকতে হবে।

৩.৩৭ সৌদি সরকার কর্তৃক হজ এজেন্সীর মোনাজ্জেমকে প্রদত্ত মাল্টিপল ভিসায় সৌদি আরবে অবস্থানের মেয়াদ কোনক্রমেই বর্ধি ত করা যাবে না।

৩.৩৮ বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের জন্য সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে সৌদি আরবের মক্কা ও মদিনায় বাংলাদেশ সরকার ও হজ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) কর্তৃক নির্ধ ারিত এলাকাসমূহে গুচ্ছ(Cluster) ভিত্তিক বাড়ী ভাড়া নিশ্চিত করতে হবে এবং এ বছর মিসফালাহ, জিয়াদ, শিয়াবে আমের, গাজ্জা, জারোয়াল, সৌকিয়া ও আজিজিয়া এলাকায় গুচ্ছ (Cluster) ভিত্তিক বাড়ীভাড়া নিশ্চিত করতে হবে।

৩.৩৯ সুষ্ঠু হজ ব্যবস্থাপনার লক্ষ্যে রাজকীয় সৌদি সরকার ও বাংলাদেশ সরকার কর্তৃক আরোপিত শর্ত/নির্দেশনাসমূহ প্রত্যেকটি হজ এজেন্সী অনুসরণ করতে বাধ্য থাকবে।

**৪ সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের জন্য প্রযোজ্য তথ্যাদি ও করণীয়ঃ**

৪.১ মাহারাম ব্যতীত মহিলা হজযাত্রী এককভাবে কোনক্রমেই হজ্জে গমনের যোগ্য বিবেচিত হবেন না;

৪.২ মহিলা হজযাত্রীগণকে মাহরামের সাথে একত্রে নিবন্ধন করতে হবে;

৪.৩ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স লিঃ, থার্ড ক্যারিয়ারের মাধ্যমে হজযাত্রী পরিবহনের দায়িত্ব পালন করবে;

৪.৪ জাতীয় হজ ও ওমরাহ নীতি-১৪৩৭হিজরী/২০১৬খ্রিঃ এর ৭.৪ ও ৭.২২ অনুচ্ছেদের বিধান অনুসারে শুধুমাত্র নিবন্ধিত হজযাত্রীর মৃত্যু/গুরুতর শারিরিক অসুস্থতার কারণে জমাকৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরৎ দেয়া হবে সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজযাত্রী কর্তৃক জমাকৃত মোয়াল্লেম ফি সৌদি আরবে প্রেরণের পরে কোন অবস্থাতেই ফেরৎ যোগ্য হবে না।

৪.৫ **বাংলাদেশী টাকার সাথে মার্কিন ডলার ও সৌদি রিয়াল এর বিনিময় হার এবং আন্তর্জাতিক বাজারে জ্বালানী মূল্য বৃদ্ধি পেলে প্রয়োজনীয় ক্ষেত্রে বর্ধিত টাকা ও বিমান ভাড়া হজযাত্রীকেই পরিশোধ করতে হবে;**

৪.৬ হজের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজযাত্রী১০০০ (এক হাজার) মার্কিন ডলারের সমপরিমাণ বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন;

৪.৭ হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা সরকারি হাসপাতালে অনুষ্ঠিত হবে। প্রত্যেক হজযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক;

৪.৮ হজে গমনেচ্ছু প্রত্যেক নিবন্ধিত হজযাত্রীকে মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য সনদ সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, ৭০ বছর বা ততোধিক বয়স্ক হজযাত্রীদের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত বোর্ডের নিকট হতে বিশেষ স্বাস্থ্য সনদ গ্রহণ বাধ্যতামূলক।

৪.৯ হজযাত্রীদের সৌদি আরবে অবস্থানকাল যথাসম্ভব **সর্বোচ্চ৪৫ দিনের মধ্যে সীমিত রাখতে** হবে ;

৪.১০ **সরকারি এবং বেসরকারি উভয় ব্যবস্থাপনার হজযাত্রীগণ পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরব যাত্রার নূন্যতম ০৩ (তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজক্যাম্পে আগমন করবেন।** হজক্যাম্পে অবস্থানকালে হজের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরি বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা ও অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে হজযাত্রীদেরকে ৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে;

৪.১১ এয়ারলাইন্স কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বিমানে ভ্রমনকালে কোন হজযাত্রীসংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত ওজনের অধিক **লাগেজ/মালামাল বহন করতে পারবেন না। রেজিষ্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ব্যতীত কোন ঔষধ সংগে নিতে পারবেন না। চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমনঃ রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমুল, পান, সুপারি ইত্যাদি কোনক্রমেই সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না**।

৪.১২ সৌদি সরকার কর্তৃক স্বীকৃত খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠান ছাড়া কোন প্রতিষ্ঠান থেকে হজযাত্রীদের জন্য খাদ্য সরবরাহ করা যাবে না। নির্দিষ্ট মোয়াচ্ছাসার মাধ্যমেই কোন স্বীকৃত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষর করতে হবে।

৪.১৩ ডায়াবেটিস, হৃদরোগসহ কোন ক্রনিক ডিজিজের রোগীরা প্রেসক্রিপশনসহ অতি অবশ্যই ৫০ দিনের ঔষধ সঙ্গে নিয়ে যাবেন।

৪.১৪ কুরবানীর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম।

৪.১৫ প্রত্যেক হজযাত্রীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সম্বলিত আইডি কার্ড এবং কব্জী বেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিক্যাল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক।

৪.১৬ সরকারি ও বেসরকারি উভয় ক্ষেত্রেই হজযাত্রী প্রতি সৌঃ রিঃ ৫০.০০ (পঞ্চাশ) হারে মক্কাস্থ হজ মন্ত্রণালয় বরাবরে এবং জেনারেল কারসিন্ডিকেট এর অনুকূলে ১৮.০০ (আঠার) সৌঃ রিঃ হারে ব্যাংক গ্যারান্টি প্রদান করতে হয় বিধায় বাড়ী ভাড়ার চুক্তি শুরুর পূর্বেই কাউন্সিলর(হজ) মক্কা কর্তৃক উহা নিশ্চিত করা হবে।

৪.১৭ আল মাশায়ের আল মোকাদ্দাসার (মিনা-আরাফাত-মোযদালেফা) বাস ভাড়ার কুপনের অর্থ ফেরৎযোগ্য নয়

৪.১৮ হজ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, নিবন্ধন, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে। এ বিষয়ে www.hajj.gov.bd ওয়েব সাইট হতে হজ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা যাবে।

৪.১৯ সৌদি আরবে অবস্থানকালে বাসস্থানের বাইরে গেলে হজযাত্রীগণকে পরিচয়পত্র, মোয়াল্লেম কার্ড ও হোটেলের কার্ড অবশ্যই সংগে রাখতে হবে এবং মহিলা হজযাত্রীদের স্কার্পের মধ্যভাগে বাংলাদেশের জাতীয় পতাকার ছাপ অবশ্যই থাকতে হবে।

৪.২০ হজযাত্রীদের অন-লাইন রেজিস্ট্রেশন, পুলিশ ভেরিফিকেশন, ভিসা প্রদানসহ আধুনিক হজ ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় সফটওয়্যার ও সিষ্টেম প্রণয়ন করতঃ বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান ধর্ম বিষয়ক মন্ত্রণালয় নিশ্চিত করবেন।

৪.২১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের মধ্যে সম্পাদিতব্য হজচুক্তিতে বর্ণিত/উল্লিখিত নির্দেশন/শর্তসমূহ বেসরকারি ব্যবস্থাপনায় নিয়োজিত হজ এজেন্সীগণ ও হজযাত্রীগণ অনুসরণে বাধ্য থাকবেন।

৪.২২ সম্মানিত হজযাত্রীদের ব্যাগ/মালামাল হ্যান্ডেলিং এর সুবিধার জন্য মক্কা ও মদীনায় সিটি-চেক-ইন এর ব্যবস্থা করতে হবে। তাঁদের মালামাল যাতে না হারায় এবং Mishandle হলে খুঁজে বের করে নিরাপত্তা বিধান করা যায় সে বিষয়ে এয়ারলাইন্সসমূহ ব্যবস্থা গ্রহণ করবে। এ ছাড়া Luggage tracking System চালু করতে হবে যাতে দ্রুততার সাথে যে কোন সময়ে Luggage সংক্রান্ত তথ্য হজযাত্রীদের প্রদান করা যায়। হজযাত্রীদের বিমান ভাড়ার সাথে গৃহীত সিটি চেক-ইন বাবদ অর্থ দ্বারা এ সংক্রান্ত ব্যয় মিটানো হবে।

৪.২৩ অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা এর ফোন-**৮৯৫৮৪৬২, ৭৯১২৩৯১, ৭৯১১৭১৩, মোবাইল-০১৭১৬৯৯৪৪০৮, ০১৭১৪২৭৩৭০৭, ০১৭২০০১৭৩৭৭, ও ০১৮১৮৪৫৮৫১৯** এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের এর ফোন **৯৫৮৫২০০, ৯৫৭৬৩৪৯, ৯৫১২২৩৯, ৯৫১৪৫৩৩, ৯৫৭৪০১১ মোবাইল নং-০১৭১৬৫৫২৩৯৭, ০১৫৫২৩৪৭৭৮১, ০১৫৫২৪৫০৯৫৩ ও ০১৫৫২৩২৪২৭৮** যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও প্রত্যেক **জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং** জেলায় অবস্থিত **উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন** এর কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

**(মো. শহীদুল্লাহ্ তালুকদার)**
সহকারী-সচিব (হজ-২)
ফোন-০১৫৫২-৪৫০৯৫৩।

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০১৪.১৫.২৫ তারিখঃ ১৩.০১.২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)।

1. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
2. মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
3. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
4. সিনিয়র সচিব/সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ............................................
5. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
6. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
7. অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
8. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
9. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
10. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
11. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে)।
12. ব্যবস্থাপনা পরিচালক, ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ, বলাকা ভবন, কুর্মি টোলা, ঢাকা।

১২. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট,...........................................................................................ব্যাংক প্রধান কার্যালয় ঢাকা। (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হল)।

13. যুগ্ম-সচিব (সকল) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
14. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
15. কাউন্সিলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা/মক্কা, সৌদি আরব।
16. পরিচালক,রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
17. জেলা প্রশাসক (সকল)...................................................।
18. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
19. পুলিশ সুপার, (সকল)....................................................।
20. সিভিল সার্জন (সকল)....................................................।
21. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
22. উপজেলা নির্বাহী অফিসার(সকল)....................................... ।
23. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (সকল)...............................।
24. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
25. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা)।
26. সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
27. কান্ট্রি ম্যানেজার, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স, বাংলাদেশ, ঢাকা।
28. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, সাত্তারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সকল হজ এজেন্সীকে অবহিত করনের অনুরোধসহ) ।
29. প্রধান নির্বাহী বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (সংযুক্ত হজ প্যাকেজটি স্মারক নংসহ হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
30. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার দৈনিক.........................................................পত্রিকা-সংযুক্ত হজ প্যাকেজটি স্মারক নং সহ তাঁর পত্রিকার নির্দিষ্ট কলামে১(এক)দিনের জন্য ------------- পাতায় প্রকাশের অনুরোধ করা হলো।
31. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক, -------------------------------------------------------------------।
32. জনাব -------------------------------------------------------------------।

(মো. শহীদুল্লাহ তালুকদার)
সহকারী সচিব (হজ-২)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hajj.gov.bd

স্মারনং-১৬.০০.০০০০.০০৩.০৬.০০২.১৪-২৬৮ তারিখঃ ০৮.০৩.২০১৬খ্রিঃ

বিষয় ঃ ২০১৬ সনের হজ কার্যক্রমে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন এবং হজ এজেন্টদের নিকট হতে প্রদত্ত হজযাত্রীদের মোয়াল্লেম ফির অর্থ সংগ্রহের লক্ষ্যে ব্যাংকসমূহকে মনোনয় প্রদান প্রসংগে।

উপযুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৬ সনের হজ কার্যক্রমে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন এবং হজ এজেন্টদের নিকট হতে প্রদত্ত হজযাত্রীদের মোয়াল্লেম ফির অর্থ সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত ২৪টি ব্যাংককে কার্যক্রম পরিচালনা করার নিমিত্ত অনুমোদন প্রদান করা হলো ঃ

অনুমোদিত ব্যাংক সমূহের তালিকাঃ

০১। সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
০২। পুবালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৩। ট্রাস্ট ব্যাংক, কর্পোরেট হেড অফিস, স্বাধীনতা টাওয়ার, ঢাকা।
০৪। প্রাইম ব্যাংক লিমিটেড, আদমজী কোর্ট এনেক্স বিল্ডিং, মতিঝিল, ঢাকা।
০৫। সাউথইস্ট ব্যাংক লিমিটেড, ৫২-৫৩, দিলকুশা, ঢাকা।
০৬। দি ফারমার্স ব্যাংক লিমিটেড, ৪২ গুলশান এভিনিউ, গুলশান সার্কেল-১, ঢাকা।
০৭। ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, ২০, দিলকুশা বা/এ, ঢাকা।
০৮। বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
০৯। ওয়ান ব্যাংক লিঃ,এইচ,আর,সি ভবন, ৪৬ কাওরান বাজার, ঢাকা।
১০। জনতা ব্যাংক লিমিটেড,জনতা ভবন, ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
১১। শাহ্জালাল ইসলামী ব্যাংক লিঃ, Uday Sanz, Plot No-SE(A), 2/B Gulshan South Avenue, Gulshan-1, Dhaka-1212.
১২। ব্যাংক এশিয়া, র‍্যাংগস্ টাওয়ার, ৬৮ পুরানা পল্টন, ঢাকা।
১৩। এক্সিম ব্যাংক,সিমফনী, প্লট-এসই(এফ), ০৯ রোড-১৪২, গুলশান এভিনিউ, ঢাকা।
১৪। মধুমতী ব্যাংক লিমিটেড, ডিসিসিআই বিল্ডিং, ৩য় ও ৪র্থ তলা, ৬৫-৬৬ মতিঝিল, ঢাকা।
১৫। রূপালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬। যমুনা ব্যাংক লিঃ, হাদী ম্যানশন, ২ দিলকুশা বা/এ, ঢাকা।
১৭। এবি ব্যাংক, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বা/এ, ঢাকা।
১৮। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ৩৬, দিলকুশা বা/এ, ঢাকা
১৯। প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, গুলশান সার্কেল-২, ডরেন টাওয়ার, লেভেল-২, ৬/এ, গুলশান নর্থ এভিনিউ বা/এ, গুলশান-২, ঢাকা।
২০। মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড, ৬১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২১। সোসাল ইসলামী ব্যাংক লিমিটেড, সিটি সেন্টার ৯১/১, মতিঝিল বা/এ, ঢাকা।
২২। অগ্রণী ব্যাংক লিমিটেড, ৩৭, দিলকুশা বা/এ, সানমুন স্টার টাওয়ার, ১৩ তলা, ঢাকা।
২৩। আইসিবি ইসলামিক ব্যাংক লিঃ,১৩, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।
২৪। স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

০৮.০৩.১৬

(মোঃ শহীদুল্লাহ তালুকদার)
সহকারী সচিব (হজ-২)
ফোন ঃ ০১৫৫২৪৫০৯৫৩।
morahajsection@gmail.com